ঢাকা ওয়াসা

(১) দাশেরকান্দি পয়ঃশোধনাগার এর ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।
(২) দাশেরকান্দি পয়ঃশোধনাগার এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।
(৩) দাশেরকান্দি পয়ঃশোধনাগার এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
(৪) হিসাব বিভাগ হতে প্রাপ্ত নোটশিটের কপি।

বিষয়ঃ ঢাকা ওয়াসার আওতায় চলমান বিভিন্ন বিভাগের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের খাত হতে অব্যয়িত অতিরিক্ত অর্থ দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় অনুমোদিত বাজেটের বিভিন্ন খাতে স্থানান্তরের অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং- ১ হতে ৪ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা ওয়াসার আওতায় বাস্তবায়িত আলোচ্য দাশেরকান্দি পয়ঃশোধনাগারের O&M কার্যক্রম গত ০১/০৭/২০২৩ইং তারিখ হতে ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে চলমান রয়েছে। আলোচ্য পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম সর্বাধুনিক প্রযুক্তি ও উন্নত মেশিনারিজ দ্বারা পরিচালিত হয়। পয়ঃশোধনাগারের আওতায় বর্ণিত মেশিনারিজসমূহ রক্ষণাবেক্ষণ ও মেরামতসহ প্রয়োজন অনুযায়ী বিভিন্ন কার্যক্রম সম্পাদনের নিমিত্তে দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার O&M খাতে প্রস্তাবিত এবং চলমান বিভিন্ন কাজ অন্তর্ভুক্ত রয়েছে (ক্রমিক নং-২ দ্রঃ)। উক্ত কার্যক্রম সম্পাদনের বিপরীতে ঠিকাদার বরাবর বিল প্রদান করা হয়। উল্লেখ্য আলোচ্য দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে সর্বমোট ১৮১.৮২০২ কোটি (একশ একাশি কোটি বিরাশি লক্ষ দুই হাজার) টাকা মাত্র বরাদ্দ প্রদান করা হয়েছে (ক্রমিক নং-৩ দ্রঃ); যা প্রাক্কলিত বাজেটের তুলনায় কম। ফলে ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ক্রয় কাজ সম্পন্ন করা হলেও ঠিকাদারের অনুকূলে বিল প্রদানের ক্ষেত্রে অর্থের ঘাটতি দেখা দিয়েছে। যা জরুরী ভিত্তিতে পুরন করা প্রয়োজন। হিসাব বিভাগ হতে প্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় যে, ঢাকা ওয়াসার বিভিন্ন বিভাগের আওতায় ক্রয় কাজ শেষে বিভিন্ন খাতে পর্যাপ্ত পরিমাণ টাকা অব্যবহৃত অবস্থায় আছে (ক্রমিক নং-৪ দ্রঃ); যা আলোচ্য দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় বাজেটের প্রয়োজনীয় বিভিন্ন খাতে স্থানান্তর করা হলে সম্পাদিত বিভিন্ন কাজের বিল দেয়া সম্ভব হবে। নিম্নোক্ত ছকে ঘাটতি পুরনের নিমিত্তে প্রয়োজনীয় বাজেটের খাত সমূহ এবং যে সকল বিভাগ/জোন/প্ল্যান্ট হতে অর্থ স্থানান্তর করা যাবে তা সংক্ষেপে উল্লেখ করা হ'লঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	খাতের নাম	অতিরিক্ত চাহিদার পরিমাণ	যে সকল বিভাগ/জোন/প্ল্যান্ট হতে অর্থ স্থানান্তর করা যাবে	মন্তব্য
১.	মিটার ক্রয়	৯.৭৫	সংগ্রহ বিভাগ-১	
২.	স্পোর্টস, কালচার ও ওয়েলফেয়ার	০.৬৫	পদ্মা পানি শোধনাগার প্ল্যান্ট	
৩.	সুয়্যার পাম্প রক্ষণাবেক্ষণ	৮.১	মড্স জোন-১, ২, ৩, ৬ এবং পাগলা পয়ঃশোধনাগার	
৪.	ফ্লো মিটার রক্ষণাবেক্ষণ	৭.০৯	মিটার বিভাগ	
৫.	ভিএফডি রক্ষণাবেক্ষণ	১.৯৬	পদ্মা পানি শোধনাগার প্ল্যান্ট	
৬.	সম্মাণী	৭.৫৯	বাজেট বিভাগ	
৭.	পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম)	৪২৭.৫	পদ্মা পানি শোধনাগার প্ল্যান্ট	

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় প্রয়োজনীয় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে, উপরোক্ত ছকে বর্ণিত ঢাকা ওয়াসার বিভিন্ন বিভাগ/জোন/প্ল্যান্টের অব্যয়িত অতিরিক্ত অর্থ হতে দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে সংশ্লিষ্ট বাজেট খাতে সর্বমোট প্রায় ৪৬২.৬৪ (চারশত বাষট্টি দশমিক ছয় চার) লক্ষ টাকা স্থানান্তরের সদয় অনুমোদন প্রদান করা যেতে পারে।

30/06/2026
মনমথ রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

AE 30.06.2026
মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

30.06.2026
আসিফ কবির
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।

EE
30/06/26
মোঃ আল আমিন
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SE 30/06/2026
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাঃ ও পঃশোঃ সার্কেল
ঢাকা ওয়াসা।

CE
আলমগীর হোসেন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

০৭। অনুচ্ছেদ-০২ এর প্রস্তাবনার সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

৩০/০৬/২০২৬

মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদাঃ)
ঢাকা ওয়াসা।

৩০/০৬/২০২৬

MD

মোঃ আমিনুল ইসলাম
সাবেক সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

৩০/০৬/২০২৬

মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদাঃ)
ঢাকা ওয়াসা।

XEN (DSTP)